



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১১/১০/২০১৬

মাননীয় প্রধানমন্ত্রীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

উচ্চ শিক্ষার কাঙ্ক্ষিত মান নিশ্চিতকরণের মাধ্যমে সরকারি-বেসরকারি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানের প্রতিষ্ঠানে উন্নিত করার লক্ষ্যে “অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন-২০১৬” মন্ত্রীসভার বৈঠকে চূড়ান্ত অনুমোদন লাভ করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। উপাচার্য মহোদয় বলেন, এই অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠনের মাধ্যমে বাংলাদেশের উচ্চশিক্ষার মান বৃদ্ধি পাবে এবং শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বিশ্ব দরবারে বাংলাদেশ উত্তোরত্তর এগিয়ে যাবে এ প্রত্যাশা আমার। একই সাথে উপাচার্য মহোদয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়েও শিক্ষার মান উন্নয়নে এ ধরনের অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠনের আহবান জানান সরকারের প্রতি। অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো: ফয়সল মাহমুদ
জনসংযোগ কর্মকর্তা
বরিশাল বিশ্ববিদ্যালয়